

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(কাস্টমস্ ও মূল্য সংযোজন কর)

(প্রজ্ঞাপন)

তারিখ ২৭-০২-১৪০৬ বাংলা/ ১০-০৬-১৯৯৯ ইংরেজী।

এস.আর.ও নং ১৫১-আইন/৯৯/১৭৮৭/কাস্টমস্ ও মূসক।— The Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬৬তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের যে কোন Export processing Zone এলাকায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত গাড়ী (কার) পিকআপ, জীপ এবং মাইক্রোবাস এর উপর আরোপনীয় সমূদয় পরিমাণ কাস্টমস্ ডিউটি, মূল্য সংযোজন কর, অবকাঠামো উন্নয়ন সারচার্জ এবং ক্ষেত্রমত সম্পূরক শুল্ক নিম্নোক্ত শর্ত পালন সাপেক্ষে, মওকুফ করিল, যথাঃ—

- ১।
 - (ক) আমদানীকারক প্রতিষ্ঠানটিতে শতকরা একশতভাগ বিদেশী পুঁজি বিনিয়োগ হইতে হইবে, অথবা
(খ) আমদানীকারক প্রতিষ্ঠানটি যৌথ উদ্যোগে স্থাপিত হওয়ার ক্ষেত্রে—
 - (অ) বিদেশী পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক হইতে হইবে অথবা
(আ) বিদেশী পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক না হইলে শিল্প প্রতিষ্ঠানটিতে অন্যন্য পাঁচশত জন বাংলাদেশী নাগরিকের কর্মসংস্থান করা হইয়াছে বা হইবে এই মর্মে Bangladesh Export processing Zones authority এর নিকট হইতে একটি প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- ২। [উক্তকূপ কোন একটি শিল্প প্রতিষ্ঠান ৩০০০ সিসি পর্যন্ত পিকআপ, জীপ, মাইক্রোবাস] এবং ২০০০ সি সি পর্যন্ত গাড়ী (কার) এই চার ধরণের যানবাহনের মধ্যে দুইটি যানবাহন আমদানী করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠান উক্তকূপ দুইটি যানবাহন ছাড়াও উপরে বর্ণিত চার ধরণের যানবাহনের মধ্যে অতিরিক্ত আরও একটি যানবাহন এই প্রজ্ঞাপনে বর্ণিত কাস্টমস্ ডিউটি, অন্যান্য শুল্ক কর অব্যাহতির আওতায় আমদানী করিতে পারিবে, যদি- Bangladesh Export processing Zones authority এই মর্মে প্রত্যয়ন করে যে, সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানটিতে—
 - (ক) কমপক্ষে দশ লক্ষ মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করা হইয়াছে, এবং
 - (খ) কমপক্ষে পাঁচশত বাংলাদেশী নাগরিক নিয়োজিত রাখিয়াছে।
- ৩। উক্ত গাড়ী (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের শুল্ক নির্ধারণ ও শুল্ক খালাসের সময় Bangladesh Export processing Zones authority এর অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- ৪। এই আদেশের আওতাধীনে আমদানীকৃত ও খালাসকৃত সকল গাড়ী (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের পূর্ণ বিবরণ ও হিসাব Bangladesh Export processing Zones authority কর্তৃক সংরক্ষিত হইবে।
- ৫। এই আদেশের আওতাধীনে আমদানীকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস খালাসের তারিখ হইতে পাঁচ বৎসরের মধ্যে বিক্রয়ের মাধ্যমে বা প্রকারাত্ত্বে হস্তান্তর করা যাইবে না। খালাসের তারিখ হইতে পাঁচ বৎসর পর উহা হস্তান্তর করিতে চাহিলে আয়কর বিভাগের প্রচলিত বিধি অনুযায়ী অবচালিত মূল্যের উপর প্রযোজ্য হারে কাস্টমস্ ডিউটি, মূল্য সংযোজন কর

^১ এসআরও নং ৪৮-আইন/২০০৮/২১৭৮, তারিখ ০৫ মার্চ ২০০৮ দ্বারা প্রতিষ্ঠাপিত

সহ অন্যান্য সকল প্রকার শুল্ক-করাদি, সংশ্লিষ্ট ই.পিজেড যে শুল্ক কর্তৃপক্ষের অধিক্ষেত্রভূক্ত সে শুল্ক কর্তৃপক্ষের নিকট পরিশোধ পূর্বক উল্লেখিত গাড়ী (কার), পিকআপ, জীপ বা মাইক্রোবাস হস্তান্তরের পূর্বে অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। এই আদেশের আওতাধীনে আমদানীকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাসের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে “বেগজা” শব্দটি লিখিত হইবে।

৭। এই আদেশের আওতাধীনে আমদানীকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস আমদানীকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

(০২) উপরি-উল্লিখিত যে কোন শর্ত ভঙ্গ করা হইলে উহা Customs Act, 1969 (IV of 1969) এর অধীন শাস্তিযোগ্য অপরাধ বলিয়া গণ্য হইবে।

(০৩) এই প্রজ্ঞাপন ইতোপূর্বে একই বিষয়ে Customs Act, 1969 (IV of 1969) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর অধীনে জারীকৃত নিম্নবর্ণিত প্রজ্ঞাপন সমূহের স্থলাভিষিক্ত হইবে এবং উক্ত প্রজ্ঞাপনগুলি বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে। যথাঃ

(১) ১২ই আশ্বিন, ১৩৯৬ বাংলা মোতাবেক ২৭শে সেপ্টেম্বর; ১৯৮৯ ইংরেজী তারিখের এস.আর.ও নং-৩০২-আইন/ ৮৯/ ১২৩৬/ শুল্ক;

(২) ৪ঠা আশ্বিন, ১৩৯৭ বাংলা মোতাবেক ২০শে সেপ্টেম্বর; ১৯৯০ ইংরেজী তারিখের এস.আর.ও নং-৩০১-আইন/ ৯০/ ১৩৩৫/ শুল্ক;

(৩) ৭ই অগ্রহায়ন, ১৪০০ বাংলা মোতাবেক ২১শে নভেম্বর; ১৯৯৩ ইংরেজী তারিখের এস.আর.ও নং-২২৯-আইন/ ৯৩/ ১৫৩৩/ শুল্ক;

(৪) ১৩ই মাঘ, ১৩৯৮ বাংলা মোতাবেক ২৭শে জানুয়ারী, ১৯৯২ ইংরেজী তারিখের এস.আর.ও নং-১৮-আইন/৯২/৮/মূসক; এবং

(৫) ১২ই আশ্বিন, ১৪০১ বাংলা মোতাবেক ২৭শে সেপ্টেম্বর; ১৯৯৪ ইংরেজী তারিখের এস.আর.ও নং-২৮০-আইন/৯৪/৮৮/মূসক।

স্বাক্ষরিত/
[আবদুল মুয়াদ চৌধুরী]
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ